দর্শনায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেপ্তার, ৬ মাসের কারাদণ্ড

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন ছোট শলুয়া গ্রাম থেকে ৬ গ্রাম গাঁজাসহ গ্রেপ্তার ওয়াসিম মিয়া (৩২) নামে এক যুবককে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।
রোববার বিকেলে চুয়াডাঙ্গা সামারি ট্রায়াল আদালতের বিচারক সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট পরান ঢালী এ রায় দেন। একই সঙ্গে তাকে ৫০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।
দণ্ডপ্রাপ্ত ওয়াসিম মিয়া দর্শনা উপজেলার ছোট শলুয়া গ্রামের আমানত আলীর ছেলে।
পুলিশ সূত্রে জানা গেছে, গত শনিবার (২৫ জুলাই) দিবাগত রাত ৯টার দিকে চুয়াডাঙ্গা পুলিশ সুপার রুহুল কবীর খানের নির্দেশে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলামের নেতৃত্বে তিতুদহ পুলিশ ক্যাম্পের এসআই অরূপ কুমার সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালান।
গোপন সংবাদের ভিত্তিতে ছোট শলুয়া গ্রামের মাসুদ মাস্টারের বাঁশবাগান-সংলগ্ন সড়ক থেকে ওয়াসিম মিয়াকে গ্রেপ্তার করা হয়। পরে তার দেহ তল্লাশি করে ৬ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।
পরে তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় সামারি ট্রায়াল আদালতে হাজির করা হলে আদালত এ সাজা দেন। দর্শনা থানার ওসি নজরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সাজাপ্রাপ্ত ওয়াসিম মিয়াকে রোববার বিকেলেই চুয়াডাঙ্গা জেলা কারাগারে পাঠানো হয়েছে।

দর্শনায় মানসিক প্রতিবন্ধী

শিশুকে ধর্ষণের অভিযোগে ব্যবসায়ী গ্রেফতার

দামুড়হুদা উপজেলা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামের মানসিক প্রতিবন্ধী এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় আহম্মদ আলী
(৫৬) নামের এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত বিরুদ্ধে ধর্ষণ মামলাসহ আদালতে সোপর্দ করেছে পুলিশ।

গতকাল শুক্রবার বেলা ১২টার দিকে ওই গ্রামের একটি ঝালখেতে ধর্ষণের ঘটনা ঘটে।গ্রেফতারকৃত আহম্মদ আলী(৫৬) পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা ইউনিয়নের মদনা দক্ষিণপাড়ার মৃত জুড়ান মন্ডলের ছেলে।

পুলিশ জানায়, দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামের দক্ষিণপাড়ার এক শিশুকন্যা (১২) বাড়ির পাশে মাঠে যায়। এসময় ওই গ্রামের আহম্মদ আলী শিশুটিকে মাঠে একা পেয়ে একটি ঝাল খেতের মধ্যে নিয়ে ধর্ষণ করে। ঘটনাটি সন্ধায় জানাজানি হলে শিশুর পিতা বাদী হয়ে ঐদিন রাতেই আহম্মেদ আলী(৫৬) বিরুদ্ধে দর্শনা থানায় একটি মামলা দায়ের করে। অভিযোগের ভিত্তিতে রাতেই আহম্মদ আলীকে গ্রেপ্তার করেছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল বেলা ১২টার দিকে গ্রামের নস্কর দোহা বিলে পদ্মফুল (ঢেঁপ) তুলতে যায় মানসিক প্রতিবন্ধী এক শিশু। এসময় গ্রামের সার-কীটনাশক ও ডিজেল ব্যবসায়ী আহম্মদ আলী শিশুটিকে মাঠে একা পেয়ে ঝাল খেতের মধ্যে নিয়ে তাকে ধর্ষণ করে। এমন অভিযোগের ভিত্তিতে সন্ধ্যার পর গ্রামে বিচার-সালিশের আয়োজন করা হয়। বিচার-সালিশে আহম্মদ আলী প্রভাব খাটিয়ে বিচারের রায়কে অমান্য করলে শুরু হয় হট্টগোল। এক পর্যায় হাতাহাতি শুরু হলে বিচারের রায় ভেস্তে যায়। পরে খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহম্মদ আলীকে গ্রেফতার করে।

বিষয়টি নিশ্চিত করেছেন দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীর বলেন, আসামিকে আদালতে মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে ও ভুক্তভোগী শিশুকে ডাক্তারি পরীক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়েছে ।

দর্শনায় ১২০ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশের অবিযানে ১২০ বোতল ফেনসিডিলসহ ঝাঝাডাঙ্গার হাদী গ্রেফতার। গ্রেফতারকৃত মাদক ব্যাবসায়ী হাদী দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা গ্রামের বাসিন্দা ও আব্দুল মান্নানের ছেলে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই তাইফ্জ্জুামান, এসআই সুজন আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন ঝাঝাডাঙ্গা গ্রামের মাদ্রাসা সংলগ্ন চৌরাস্তার মোড়ে।

এসময় কায়দার আলীর আব্দুর রাজ্জাকের মুদি দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে ১২০ বোতল ফেন্সিডিলসহ হাদী (৩৫) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করে। এসময় ঘটনাস্থল হতে একব্যক্তি দৌড়ে পালিয়ে যায়।

এ ঘটনায় গ্রেফতারকৃত ও পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।